253569 - তাওয়াফরে শর্ত ও ওয়াজবিসমূহ

প্রশ্ন

তাওয়াফরে শর্ত ও ওয়াজবিগুলো কি কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

কাবাগৃহরে চর্তুদকিে তাওয়াফ (প্রদক্ষণি) শুদ্ধ হওয়ার জন্য আলমেগণ কছিু শর্ত উল্লখে করছেনে, সগেুলো হচ্ছ:

১। মুসলমান হওয়া। এটি আলমেদরে সর্বসম্মত শর্ত। তাই কোন কাফরেরে তাওয়াফ শুদ্ধ হবে না। কনেনা তাওয়াফ একটি ইবাদত। কাফরে কর্তৃক সম্পাদতি কোন ইবাদত শুদ্ধ নয় ও কবুলযোগ্য নয়।

২। বুদ্ধিসম্পন্ন হওয়া। এটি হানাফি ও হাম্বলি মাযহাবরে আলমেদরে অভমিত। মালকেি ও শাফয়েি মাযহাবরে আলমেগণ এ শর্ত করনেনি। তারা 'বুঝবান বালকরে অভিভাবক তার পক্ষ থকেে নয়িত করলে বালকরে তাওয়াফ শুদ্ধ হওয়া' এর উপর কয়িাস করছেনে।

৩। নয়িত করা। এটি আলমেদরে সর্বসম্মত শর্ত। যহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলছেনে: "নশি্চয় সকল আমল নয়িযত অনুযায়ী মূল্যায়তি হয় এবং মানুষ যা নয়িযত করে সে তা-ই পায়"[সহহি বুখারী (১) ও সহহি মুসলমি(১৯০৭)]

৪। সতর ঢাকা থাকা। কউে উলঙ্গ হয়ে তাওয়াফ করে তাহলে তার তাওয়াফ শুদ্ধ হবে না। যহেতেু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হজ্জরে মৌসুমে ঘোষণা দয়োর নর্িদশে দয়িছেনে: "এ বছররে পর (অর্থাৎ নবম হজিররি পর) কোন মুশরকি হজ্জে আসবে না এবং কোন উলঙ্গ ব্যক্তি বায়তুল্লাহ্‌ তাওয়াফ করবে না।"[সহহি বুখারী (৩৬৯) ও সহহি মুসলমি (১৩৪৭)]

শাইখ উছাইমীন (রহঃ) বলনে: যদি কোন উলঙ্গ ব্যক্তি তাওয়াফ করে তাহলে তাওয়াফ শুদ্ধ হবে না। কনেনা তা করা নষিদ্ধি। এ ক্ষত্রেে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামরে বাণী হচ্ছ, "যে ব্যক্তি এমন কোন আমল করে যাতে আমাদরে অনুমোদন নইে সটো প্রত্যাখ্যাত।"[আল-শারহুল মুমতি' (৭/২৫৭) থকেে সমাপ্ত]

৫। লঘু অপবত্রিতা থকেে পবত্রি হওয়া। ইতপূির্বে 34695 নং প্রশ্নোত্তরে এ শর্তরে ব্যাপারে বস্তিারতি আলোচনা করা হয়ছে।

৬। জমহুর আলমেদরে মতে, পোশাক ও শরীর নাপাকি থেকে পবিত্র হওয়া। এ সংক্রান্ত আলমেদরে মতভেদ, ইতপূির্বে 136742 নং প্রশ্নোত্তরে আলোচনা করা হয়েছে।

৭। পরিপূর্ণ সাত চক্কর তাওয়াফ করা। সাত চক্করের চেয়ে এক কদমও কম হলে তাওয়াফ পরিপূর্ণ হবে না। ইমাম নববী বলেন: তাওয়াফের শর্ত হচ্ছে, সাত চক্কর হওয়া। প্রত্যেকবার হাজারে আসওয়াদ থেকে শুরু করে হাজারে আসওয়াদ শেষে করবে। যদি সাত চক্করের চেয়ে এক কদমও কম হয় তাহলে তার তাওয়াফ ধর্তব্য হবে না। চাই সে ব্যক্তি মক্কাতে অবস্থান করুক কিংবা মক্কা থেকে বের হয়ে তার নিজ দেশে ফিরে আসুক। দম বা পশু জবাই করে কিংবা অন্য কোন আমলের মাধ্যমে তাওয়াফের ঘাটতিকে পূরণ করা সম্ভবপর নয়।[আল-মাজমু (৮/২১)]

৮। বায়তুল্লাহ্‌কে বাম দিকে রেখে তাওয়াফ করা। কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বায়তুল্লাহ্‌কে বামে রেখে তাওয়াফ করেছেন এবং তিনি বলেছেন "তোমরা আমার কাছ থেকে হজ্জের কার্যাবলি শিখে নাও।"[সহিহ মুসলিম (১২৯৭) এ জাবির (রাঃ) এর হাদিস]

৯। বায়তুল্লাহ্‌র সম্পূর্ণ অংশকে ঘিরে তাওয়াফ করা। সুতরাং কেউ যদি দূরত্ব কমানোর জন্য হাতীম বা হিজির (কাবার ভিটার অংশ) এর ভেতর দিয়ে তাওয়াফ করে তার তাওয়াফ সহিহ নয়। আরও জানতে দেখুন: 46597 নং প্রশ্নোত্তর।

১০। হাঁটতে সক্ষম হলে হেঁটে হেঁটে তাওয়াফ করা: এটি শাফেয়ি মাযহাবের আলেমগণ ছাড়া জমহুর আলেমের অভিমত।

শাইখ বিন উছাইমীন (রহঃ) বলেন:

"আমার কাছে যা পরিস্কার হয়েছে যে, তাওয়াফকালে আরোহণ করা জায়েয নয়। সেটা উটের পিঠে হোক কিংবা কাঁধের উপর হোক কিংবা হুইল চেয়ারে হোক; একান্ত প্রয়োজনের মুখাপেক্ষী ব্যক্তি ছাড়া।

প্রয়োজন: যেমন- অসুস্থতা, বার্ধক্য, তীব্র ভীড়; যা সওয়া তার পক্ষে সম্ভবপর নয়। কেননা কিছু কিছু মানুষ ভিড় সহ্য করতে পারে; আর কিছু কিছু মানুষ ভীড় সহ্য করতে পারে না। অর্থাৎ যদি কোন ওজরের কারণে হয় তাহলে (আরোহন) জায়েয হবে; যদি কোন ওজরের কারণে না হয় তাহলে জায়েয হবে না।[শারহু কিতাবিল হাজ্জ মিন সাহিহিল বুখারী (১/৮৩)]

১১। চক্করগুলোর মাঝে পরম্পরা রক্ষা করা: ইতপূির্বে 219227 নং প্রশ্নোত্তরে এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

১২। মসজিদে হারামের ভেতর দিয়ে তাওয়াফ করা: কেননা তাওয়াফের ক্ষেত্রে ফরয হচ্ছে বায়তুল্লাহ্‌কে তাওয়াফ করা। যদি কেউ মসজিদে হারামের বাহিরে দিয়ে তাওয়াফ করে তাহলে সে মসজিদকে তাওয়াফ করল; বায়তুল্লাহ্‌কে নয়।

শাইখ উছাইমীন (রহঃ) বলেন:

আলমেগণ বলনে: তাওয়াফ সহহি হওয়ার জন্য শর্ত হচ্ছে মসজদিে হারামরে ভতেরে হওয়া। মসজদিরে বাহরিে দয়িে তাওয়াফ করে তাহলে আদায় হবে না। এজন্য কউে যদি মসজদিে হারামরে বাহরিে দয়িে তাওয়াফ করতে চায় তাহলে সটো জায়যে হবে না। কনেনা সক্ষেত্রে সে মসজদিকে তাওয়াফকারী হবে; কাবাকে নয়। আর যারা মসজদিরে ভতেরে উপরে কংিবা নীচে দয়িে তাওয়াফ করনে তাদরে তাওয়াফ জায়যে হবে। তব,ে সাফা-মারওয়া দয়িে কংিবা সাফা-মারওয়ার উপর দয়িে তাওয়াফ করা থকেে সাবধান। কনেনা সাফা-মারওয়া মসজদিরে অংশ নয়।[তাফসরি সুরাতলি বাক্বারা, (২/৪৯)]

১৩। হাজারে আসওয়াদ থকেে তাওয়াফ শুরু করা। কউে যদি কাবার ফটক থকেে তাওয়াফ শুরু করে তাহলে তার তাওয়াফ অপূর্ণ ও অশুদ্ধ হবে।

শাইখ উছাইমীন বলনে:

কছিু কছিু লোক কাবার ফটক থকেে তাওয়াফ শুরু করনে; হাজারে আসওয়াদ থকেে নয়। যে ব্যক্তি কাবার ফটক থকেে তাওয়াফ শুরু করবে এবং এর উপর ভত্তিি করে তাওয়াফ শষে করবে তার তাওয়াফ পরপিূর্ণ হবে না। কনেনা আল্লাহ্ তাআলা বলনে: "এবং তাওয়াফকরে প্রাচীন গৃহরে"[সূরা হাজ্জ, আয়াত: ২৯] নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হাজারে আসওয়াদ থকেে তাঁর তাওয়াফ শুরু করছেনে এবং মানুষকে বলছেনে: "তামেরা আমার কাছ থকেে হজ্জরে কার্যাবলি গ্রহণ কর।" তাই যে ব্যক্তি কাবাগৃহরে ফটকরে নকিট থকেে কংিবা হাজারে আসওয়াদরে সমান্তরালরে সামান্য কছিু পর থকেে তাওয়াফ শুরু করে সক্ষেত্রে তার এ চক্করটি বাতলি। কনেনা সে ব্যক্তি পরপিূর্ণ চক্কর পালন করনেি। তার কর্তব্য হবে নকিটবর্তী সময়রে মধ্যে স্মরণ হলে এর পরবির্তে অন্য একটি চক্কর আদায় করা। আর যদি নকিটবর্তী সময়রে মধ্যে স্মরণে না পড়ে তাহলে সম্পূর্ণ তাওয়াফ নতুনভাবে পালন করা।[মাজমুউল ফাতাওয়া (২২/৪০৪)]

এই হচ্ছে তাওয়াফ শুদ্ধ হওয়ার শর্তাবলি।

আর তাওয়াফরে ওয়াজবিসমূহ হচ্ছে:

কোনে কোনে আলমেরে মত,ে তাওয়াফরে দুই রাকাত নামায ওয়াজবি। তব,ে সঠকি মতানুযায়ী, এ দুই রাকাত নামায সুন্নত। এটি ইমাম শাফয়েি ও ইমাম আহমাদরে মাযহাব।

শাইখ বনি বায (রহঃ) তাওয়াফরে দুই রাকাত নামায সম্পর্কে বলনে: "মাকামে ইব্রাহমিরে পছেনে হওয়া আবশ্যক নয়। মসজদিে হারামরে যে কোনে স্থানে পড়লওে আদায় হবে। আর কউে এ নামায পড়তে ভুলে গলেওে অসুবধিা নইে। কনেনা এটি সুন্নত নামায; ওয়াজবি নয়।"।[মাজমুউ ফাতাওয়াস শাইক বনি বায, (১৭/২২৮)]

আলমেগণ এ ছাড়া আরও যসেব ওয়াজবি উল্লখে করে থাকনে সগেুলো পূর্বোল্লখেতি শর্তাবলরি অন্তর্ভুক্ত। তব,ে কোনে কোনে আলমে এগুলোকে ওয়াজবি হসিবেে উল্লখে করনে; শর্ত হসিবেে নয়।

দেখুন: ড. আব্দুল্লাহ্ আল-যাহমি এর 'শুরুতুত তাওয়াফ' (তাওয়াফের শর্তাবলি) শীর্ষক গবেষণা; যে গবেষণাটি 'আল-বুহুছ আল-ইসলামিয়্যা' নামক গবেষণা পত্রিকার ৫৩তম সংখ্যায় প্রকাশিত হয়েছে এবং তাঁর আরও একটি গবেষণা 'ওয়াজিবাতুত তাওয়াফ'; যা প্রাগুক্ত গবেষণা পত্রিকার ৫৮তম সংখ্যায় প্রকাশিত হয়েছে।

আল্লাহ্ই ভাল জানেন।